# Times Today BD

জেলা প্রতিনিধি | ঢাকা | 04 May, 2025

গাজীপুরে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) দক্ষিণাঞ্চলের মুখ্য সংগঠক হাসনাত আব্দুল্লাহর গাড়িতে হামলার ঘটনায় দুইজনকে আটক করেছে গাজীপুর মেট্রোপলিটন পুলিশ।রোববার (৪ মে) রাতে অভিযান চালিয়ে তাদের আটক করা হয়।

আটককৃতরা হলেন গাজীপুর মহানগরের ১৩ নম্বর ওয়ার্ড যুবলীগ নেতা মো. নিজাম উদ্দিন এবং কাশিমপুর থানা শেখ রাসেল শিশু কিশোর পরিষদের সভাপতি মাসুম আহসেদ দিপু।

গাজীপুর মেট্রোপলিটন পুলিশের উপ-পুলিশ কমিশনার (ডিসি) রবিউল হাসান জানান, রোববার সন্ধ্যায় গাজীপুরের চান্দনা চৌরাস্তা এলাকায় এনসিপি নেতা হাসনাত আব্দুল্লাহর গাড়িতে মোটরসাইকেলযোগে এসে দুর্বৃত্তরা পেছন দিক থেকে হামলা চালায়।এতে গাড়ির কাচ ভেঙে যায় এবং চরম আতঙ্ক ছড়িয়ে পড়ে।

ঘটনার পরপরই পুলিশ দ্রুত ঘটনাস্থলে পৌঁছে তদন্ত শুরু করে এবং ঊর্ধ্বতন কর্মকর্তাদের নির্দেশে রাতেই অভিযান চালিয়ে দুইজনকে আটক করে।

ডিসি রবিউল হাসান বলেন, “আটকদের জিজ্ঞাসাবাদ করা হচ্ছে।হামলার পেছনে কারা জড়িত, সে বিষয়ে তদন্ত চলছে এবং অন্যদের চিহ্নিত করে গ্রেপ্তারে অভিযান অব্যাহত রয়েছে।”

উল্লেখ্য, এ ঘটনায় রাজনৈতিক অঙ্গনে উত্তেজনা বিরাজ করছে।এনসিপি নেতাকর্মীরা দ্রুত বিচার ও হামলাকারীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছেন।

এনসিপি গাজীপুর হাসনাত আব্দুল্লাহ যুবলীগ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 21:01

URL: https://www.timestodaybd.com/dhaka/7758071920